দৈনিক সংবাদ

তারিখ AUG 10 1999
পৃষ্ঠা 2 কলাম 6

৩।

# ১১ বছর পর পরীক্ষার ফল প্রকাশের জন্য হাইকোর্টের নির্দেশ

সুপ্রিম কোর্ট প্রতিবেদক ঃ সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগের বিচারপতি এ বি এম খায়রুল হক গত রোববার রাজশাহী বিশ্ববিদ্যালয়কে পরীক্ষার্থী মুন্সী মহিউদ্দিন আহমদের এলএলবি ফাইনাল পরীক্ষার ফল আগামী দুই মাসের মধ্যে ঘোষণার নির্দেশ দিয়েছেন।

মহিউদ্দিন দীর্ঘ ১১ বছর ধরে নিম্ন আদালত থেকে শুরু করে হাইকোর্ট বিভাগ পর্যন্ত মামলা চালিয়ে এ রায় লাভ করেন। হাইকোর্ট বিভাগ বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে বাদি মহিউদ্দিনের মামলার সকল খরচ দেয়ারও নির্দেশ দিয়েছেন।

বাদি মুন্সী মহিউদ্দিন ১৯৮৭ সালে রাজশাহী বিশ্ববিদ্যালয় হতে এলএলবি ফাইনাল পরীক্ষায় অংশ নেন। কিন্তু তিনি পরীক্ষায় অকৃতকার্য হন। বিশ্ববিদ্যালয়ের ভাষ্যমতে, বাদি দেওয়ানি কার্যবিধি ও

নির্দেশ ঃ পঃ ১১ কঃ ৬

## নির্দেশ ঃ হাইকোর্টের

(১ম পৃষ্ঠার পর)

তামাদি আইনের সমন্বয়ে গঠিত ২য় পত্রে ১ নম্বরের জন্য অকৃতকার্য হন। তার উত্তরপত্র আবার পরীক্ষার জন্য আবেদন করেন এবং দেওয়ানি আদালতে ফল প্রকাশের বৈধতা চ্যালেঞ্জ করে মামলা করেন। নিম্ন আদালত বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে উত্তরপত্র আদালতে দাখিলের নির্দেশ দেন। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ একটি তারিখ দেখিয়ে উল্লেখ করেন যে ঐ তারিখে সমস্ত উত্তরপত্র বিক্রি করা হয়েছে। কিন্তু দেখা যায় ঐ তারিখটি ফল প্রকাশের আগের। নিম্ন আদালত এ অবস্থার পরিপ্রেক্ষিতে অপর ছয়টি উত্তরপত্রের গড় নম্বরের সমান নম্বর তর্কিত উত্তরপত্রে দিয়ে বাদির ফল প্রকাশের নির্দেশ দেন। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এ রায়ের বিরুদ্ধে আপিল করেন। আপিলে অকৃতকার্য হয়ে পরবর্তীকালে হাইকোর্ট বিভাগে দেওয়ানি রিভিশন মোকদ্দমা দায়ের করে।

বিচারপতি এ বি এম খায়রুল হক উক্ত রুল শুনানিশেষে খারিজ করে বাদির ফল আগামী ২ মাসের মধ্যে ঘোষণার নির্দেশ দেন।

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের পক্ষে মামলা পরিচালনা করেন এডভোকেট রিয়াজ উদ্দিন খান রেজা ও তাকে সহায়তা করেন এডভোকেট জহিরুল আলম বাবর ও এডভোকেট এম এ সোবহান। বাদি পরীক্ষার্থীর পক্ষে মামলা পরিচালনা করেন এডভোকেট এম মোয়াজ্জেম হোসেন ও তাকে সহায়তা করেন এডভোকেট মোঃ শামসুল হক।